

একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moysports.gov.bd

২১ জ্যৈষ্ঠ ১৪৩১

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০১২.২৪.১৮৭

তারিখ : ০৪ জুন ২০২৪


নিয়োগ পত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.১১.২০১০ খ্রি. তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮.১৩৫৬ (২৫০) নং স্মারকের আলোকে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ছকে বর্ণিত পদ ও বেতনস্কেলে নিয়োক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো (মেধাক্রমানুসারে) :

ক্র.নং	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড
১	নাম : মোঃ উজ্জল ইসলাম পিতার নাম : মোঃ আনিছ মিয়া মাতার নাম : জোহরা বেগম	গ্রাম/রাস্তা : যাদুরচর মাদ্রাসা রোড ডাকঘর : হেমায়েতপুর উপজেলা : সাভার জেলা : ঢাকা	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (রাজস্বখাতে অস্থায়ী)	৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড)
২	নাম : মাজেদা খাতুন পিতার নাম : মোঃ আব্দুল মাজেদ গাজী মাতার নাম : জামিলা খাতুন	গ্রাম : কুল্যা ডাকঘর : বুধহাটা উপজেলা : আশাশুনি জেলা : সাতক্ষীরা	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (রাজস্বখাতে অস্থায়ী)	৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড)

শর্তসমূহ :

- প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থ্যতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- মুক্তিযোদ্ধা কোটা, আনসার কোটা ও প্রতিবন্ধী কোটায় নির্বাচিতদের কোটা সংশ্লিষ্ট সনদপত্রাদি যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- প্রার্থীগণকে “যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না” মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
- এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তাদের চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
- শিক্ষানবিশকালে তাদের আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাদেরকে চাকরি হতে অপসারণ করা হবে;
- চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে;
- এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর তাদের চাকরি স্থায়ী করা হবে ;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে;
- নিয়োগকৃত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তাদের ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তাদের চাকরি থেকে অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- নির্বাচিত প্রার্থীকে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- এ চাকরিতে যোগদানের জন্য তাদেরকে কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রদান করা হবে না।


মোঃ ফারুক হোসেন
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৪০৭৭

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
৪. চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৬. মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. জনাব মোঃ উজ্জল ইসলাম, পিতা : মোঃ আনিছ মিয়া, মাতা : জোহরা বেগম, গ্রাম/রাস্তা : যাদুরচর মাদ্রাসা রোড, ডাকঘর : হেমায়েতপুর, উপজেলা : সাভার, জেলা : ঢাকা।
১৩. জনাব মাজেদা খাতুন, পিতা : মোঃ আব্দুল মাজেদ গাজী, মাতা : জামিলা খাতুন, গ্রাম : কুল্যা, ডাকঘর : বুধহাটা, উপজেলা : আশাশুনি, জেলা : সাতক্ষীরা।



মোঃ ফজলে এলাহী
উপসচিব